# 3 Yr. Degree/4 Yr. Honours 5th Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG5011 (MAJOR)

(প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ২×১০=২০

(ক) অভিনবগুপ্তের লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

(খ) 'বিভাব' বলতে কী বোঝো?

(গ) দুটি স্থায়ীভাবের নাম লেখো।

(ঘ) ধ্বন্যালোক-এর বৃত্তি অংশটি কার লেখা? তিনি কোন শতকের আলংকারিক?

(ঙ) রসের দুটি উপাদান কী কী?

(চ) 'কমেডি' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বুঝিয়ে দাও।

(ছ) 'কমিক রিলিফ' বলতে কী বোঝো?

(জ) ট্রাজেডির দুটি অন্তরঙ্গ উপাদানের উল্লেখ করো।

(ঝ) কাব্যনাট্য বলতে কী বোঝো?

(ঞ) 'মেলোড্রামা' বা 'অতিনাটক' কাকে বলে?

(ট) ক্লাসিসিজমের সময়পর্ব উল্লেখ করো। ক্লাসিসিজমের বৈশিষ্ট্যযুক্ত দুটি কাব্যের নাম লেখো।

(ঠ) ফার্স-এর দুটি বৈশিষ্ট্য লেখো।

(ড) লিরিক্যাল ব্যালাডস-এর সম্পাদক দুজনের নাম লেখো।

(ঢ) 'সিম্বলিজম'-এর দুটি বৈশিষ্ট্য লেখো।

(ণ) বিশ শতকের দু-জন বাঙালি রিয়ালিস্ট লেখকের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ৫×৪=২০

(ক) ধ্বনি কয়প্রকার ও কী কী? কোন ধ্বনিটি আলংকারিকদের মতে শ্রেষ্ঠ ধ্বনি এবং কেন?

(খ) 'শব্দার্থৌ সহিতৌ কাব্যম্'—অভিমতটি কার? অভিমতটি ব্যাখ্যা করো।

(গ) দৃষ্টান্ত-সহ কাব্যনাট্যের সঙ্গে নাট্যকাব্যের পার্থক্য আলোচনা করো।

(ঘ) কমেডির পাঁচটি বৈশিষ্ট্য সূত্রাকারে আলোচনা করো।

(ঙ) ‘ফার্স’-এর বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে উল্লেখ করো।

(চ) রোমান্টিসিজমের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ১০×২=২০

(ক) প্রাচ্য আলংকারিকদের নির্দেশ অনুসারে কাব্যনির্মাণকৌশলের তিনটি ভাগ সম্পর্কে দৃষ্টান্ত-সহ আলোচনা করো।

*অথবা,*

‘রীতিরাত্মা কাব্যস্য’—মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো।

(খ) স্যুররিয়ালিজম ভাবনার উৎস নির্দেশ করো। বাংলা কবিতার দৃষ্টান্ত দিয়ে স্যুররিয়ালিজম-এর বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।

*অথবা,*

ট্রাজেডি কাকে বলে? উদাহরণ-সহ ট্রাজেডির বৈশিষ্ট্যগুলি লেখো।

# 3 Yr. Degree/4 Yr. Honours 5th Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG5012 (MAJOR)

(উনিশ শতকের কথাসাহিত্য ও গদ্যসাহিত্য)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ২×১০=২০

(ক) "গল্প করা এ বয়সের দোষ"—কোন বয়সের দোষ? কে সেই দোষে দুষ্ট ছিলেন?

(খ) "বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'—কাদের দেখে, কার এমন উপলব্ধি হয়েছিল?

(গ) "সেই চল্লিশজন হাসিলে হাইল্যান্ডের পল্টন ঠকে"—কোন প্রসঙ্গে, কাদের হাসির কথা বলা হয়েছে?

(ঘ) "উনি ক্ষণজন্মা ছেলে, বেঁচে থাকিলে দিক্‌পাল হইবে"—কে, কাকে কথাগুলি বলেছিলেন?

(ঙ) "আমরা শাঁখের করাত– যেতে কাটি, আসতে কাটি"—কে, কেন বলেছিল?

(চ) মতিলালকে ইংরেজি শেখাবার জন্যে কার স্কুলে ভর্তি করা হয়েছিল? "আহা, এরা যেন এক মার পেটের তিনটি ভাই"—তিনটি ভাই-এর নাম লেখো।

(ছ) "এই বন্দী আমার প্রাণেশ্বর"—কে, কখন কথাগুলি বলেছিল?

(জ) মান্দারণ গ্রাম গড় মান্দারণ নামে পরিচিত হল কেন? ওই গ্রামের পাশ দিয়ে কোন নদী প্রবাহিত হয়েছে?

(ঝ) তিলোত্তমা কার কন্যা? উপন্যাসে তিলোত্তমার বয়স কত বলা হয়েছে?

(ঞ) গজপতি বিদ্যাদিগ্‌গজ কার শিষ্য ছিলেন? তাঁকে কে এই উপাধি দিয়েছিলেন?

(ট) শকুন্তলার পিতা ও পালকপিতার নাম লেখো।

(ঠ) 'বিদ্যাপতির রাধিকা' প্রবন্ধটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন প্রবন্ধ সংকলনে স্থান পেয়েছে? প্রবন্ধটি কবে লেখা হয়েছিল?

(ড) "পণ্ডিতেরা বলেন তিন পদার্থে কল্পনাজনিত আনন্দের উৎপত্তি হয়"—কোন তিনটি পদার্থের কথা প্রাবন্ধিক উল্লেখ করেছেন?

(ঢ) চন্দ্রগুপ্ত মৌর্য, 'শার্লমান, ফ্রেডেরিক ও পিটরের সঙ্গে উচ্চাসনে বসিতে পারেন' কেন?

(ণ) 'সৌন্দর্য্যতত্ত্ব' প্রবন্ধে রামেন্দ্রসুন্দর ত্রিবেদী 'সুন্দর'-এর কী সংজ্ঞা দিয়েছেন?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ৫×৪=২০

(ক) শকুন্তলার ক্রমবিকাশে অনসূয়া ও প্রিয়ংবদা চরিত্রদুটির গুরুত্ব তোমাদের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

(খ) 'দুর্গেশনন্দিনী' উপন্যাসে বিমলা চরিত্রটির উপন্যাসগত উপযোগিতা আলোচনা করো।

(গ) মতিলাল কীভাবে মতিলালবাবু হয়ে উঠল তার পরিচয় দাও।

(ঘ) কোলদের বিবাহ প্রসঙ্গে লেখকের যে অভিজ্ঞতা হয়েছিল তা 'পালামৌ' কাহিনি অবলম্বনে লেখো।

(ঙ) "ভারতেতর দেশের ভারবাহী পশু"— 'ভারবাহী পশু' বলতে কাদের নির্দেশ করা হয়েছে? তাদের উন্নতি কী প্রকারে সম্ভব বলে প্রাবন্ধিক মনে করেছেন তা লেখো।

(চ) মতিলালের সংস্কৃত ও পারসি শিক্ষাগ্রহণের পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ১০×২=২০

(ক) ঐতিহাসিক রোমান্স হিসেবে 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের সার্থকতা বিচার করো।

*অথবা,*

'আলালের ঘরের দুলাল' রচনায় ঠকচাচা চরিত্র চিত্রণে লেখকের মুনশিয়ানার পরিচয় দাও।

(খ) ভ্রমণকাহিনি হিসেবে 'পালামৌ' রচনার সার্থকতা বিচার করো।

*অথবা,*

'প্রাচীন ভারতবর্ষের রাজনীতি' প্রবন্ধে রাজার গুণ বিষয়ে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় নারদ বাক্যে যেসব কথাগুলি বলেছেন, তা নিজের ভাষায় লেখো।

———

# 3 Yr. Degree/4 Yr. Honours 5th Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG5013 (MAJOR)

(উনিশ শতকের নাট্যমঞ্চ এবং নাটক)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ২×১০=২০

(ক) প্রসন্নকুমার ঠাকুরের উদ্যোগে প্রতিষ্ঠিত নাট্যমঞ্চটির নাম উল্লেখ করো। ওই রঙ্গমঞ্চে প্রথম কোন নাটক অভিনীত হয়েছিল?

(খ) সাতুবাবুর বাড়ির নাট্যশালার প্রধান স্থপতি ছিলেন তাঁর দুই দৌহিত্র। — এঁদের দুজনের নাম কী?

(গ) 'বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ'-এর প্রতিষ্ঠাতা কে ছিলেন? কত সালে এটি প্রতিষ্ঠিত হয়?

(ঘ) 'ন্যাশনাল থিয়েটার' কবে প্রতিষ্ঠিত হয়? ওই রঙ্গমঞ্চে প্রথম দিন কোন নাটক অভিনীত হয়?

(ঙ) বাঙালির থিয়েটারে প্রথম নিজস্ব স্থায়ীমঞ্চ ও প্রেক্ষাগৃহ কোন থিয়েটারে তৈরি হয়? এই টাকা কীভাবে সংগৃহীত হয়?

(চ) 'গ্রেট ন্যাশনাল থিয়েটার' কত সালে প্রতিষ্ঠিত হয়? গ্রেট ন্যাশনাল থিয়েটারে প্রথম দিনে কোন নাটক অভিনীত হয়েছিল?

(ছ) নাট্য নিয়ন্ত্রণ আইন কী?

(জ) 'মিনার্ভা থিয়েটার'-এর প্রতিষ্ঠাতা কে ছিলেন? এটি কবে প্রতিষ্ঠিত হয়?

(ঝ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন কোন সময়, কোন নাট্যশালার জন্য লিখিত হয়?

(ঞ) "জেন্টেলম্যেন, তোমাদের মেয়েদের এজুকেট কর" — 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে এই উক্তির বক্তা কে? বক্তা এখানে আর কী আবেদন রেখেছেন?

(ট) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে নবকুমারের স্ত্রী ও ভগ্নীর নাম কী কী?

(ঠ) 'বৈষ্ণব বেটাদের দুই-একখানা পুঁথি'– হিসেবে 'একেই কি বলে সভ্যতা?' নাটকে নবকুমার কোন দুই গ্রন্থের নাম উল্লেখ করেছেন?

(ড) 'নীলদর্পণ' নাটকে গোলোকনাথ বসুর কয়টি পুত্র? তাদের নাম লেখো।

(ঢ) নীলকর সাহেবদের অত্যাচার ও নীলচাষিদের দুঃখদুর্দশার বর্ণনা প্রকাশিত হয়েছিল— তৎকালীন যুগের এমন এক সংবাদপত্র ও তার সম্পাদকের নাম লেখো।

(ণ) 'নীলদর্পণ' নাটকে রোগসাহেবের হাত থেকে কে কে ক্ষেত্রমণিকে বাঁচায়?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ৫×৪=২০

(ক) বাংলাদেশের নাট্যশালার ইতিহাসে 'বেলগাছিয়া নাট্যশালা'র গুরুত্ব সংক্ষেপে লেখো।

(খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'ন্যাশনাল থিয়েটার'-এর বৈশিষ্ট্য ও অভিনবত্ব আলোচনা করো।

(গ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'স্টার থিয়েটার'-এর প্রথম পর্যায়ের (বিডন স্ট্রিট) গুরুত্ব আলোচনা করো।

(ঘ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকে 'জ্ঞানতরঙ্গিণী সভা'-র কার্যাবলি ব্যাখ্যা করো।

(ঙ) ''ও ঝ্যামন কুকুর মুই তেমন মুগুর, সমিন্দির ঝ্যামন চাবালি, মোর তেম্‌নি হাতের পোঁচা"— বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এমন মন্তব্যের কারণ নির্দেশ করো।

(চ) 'নীলদর্পণ' নাটকে পদীময়রানী চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ১০×২=২০

(ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'সখের নাট্যশালা'-র ঐতিহাসিক মূল্য ও প্রভাব সম্পর্কে আলোচনা করো।

*অথবা,*

বাংলা নাট্যশালার প্রথম যুগে লেবেডফের 'বেঙ্গলী' থিয়েটারের ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো।

(খ) প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা?'-র সার্থকতা বিষয়ে তোমার মতামত দাও।

*অথবা,*

'নীলদর্পণ' নাটকের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রর কৃতিত্ব আলোচনা করো।

———